

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪০৮

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ يَقُولُ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ: «اللَّهُمَّ رَبَّ السَّمَاوَاتِ وَرَبَّ الْأَرْضِ وَرَبَّ كُلِّ شَيْءٍ فَالِقَ الْحَبِّ وَالنَّوَى مُنْزِلَ التوراةِ وَالإِنجيل والقرآنِ أعوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ ذِي شَرِّ أَنْتَ آخِذُ بِنَاصِيتِهِ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ وَالإِنجيل والقرآنِ أعوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ ذِي شَرِّ أَنْتَ آخِذُ بِنَاصِيتِهِ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ قَوْقَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ قَبْكُ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ وَأَنْتَ الْبَاطِنُ مَا الْقَقْرِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَرَوَاهُ مُسلم مَعَ اخْتِلَاف يسير

বাংলা

২৪০৮-[২৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বিছানায় ঘুমানোর সময় বলতেন,

''আল্ল-ভ্ন্মা রব্বাস্ সামা-ওয়া-তি ওয়া রববাল আর্যি ওয়া রব্বা কুল্লি শাইয়িন, ফালিকল হাব্বি ওয়ান্ নাওয়ামুন্যিলাত্ তাওরা-তি, ওয়াল ইঞ্জীলি ওয়াল কুরআ-নি। আ'উ্যুবিকা মিন শাররি কুল্লি যী শাররি। আন্তা আ-খিযুন্
বিনা-সিয়াতিহী, আন্তাল আও্ওয়ালু, ফালায়সা কবলাকা শায়উন, ওয়া আন্তাল আ-খিরু, ফালায়সা বা'দাকা
শায়উন, ওয়া আন্তায্ যা-হিরু, ফালায়সা ফাওককা শাইউন। ওয়া আন্তাল বা-ত্বিনু, ফালায়সা দূনাকা শায়উন,
ইক্যি 'আন্নিদ্দায়না, ওয়া আগ্নিনী মিনাল ফাকরি"

(অর্থাৎ- হে আল্লাহা যিনি আসমানের রব, জমিনের রব, তথা প্রতিটি জিনিসের রব, শস্যবীজ ও খেজুর দানা ফেড়ে গাছ-পালা উৎপাদনকারী; তাওরাত, ইঞ্জীল ও কুরআন অবতীর্ণকারী, আমি তোমার কাছে এমন প্রতিটি অনিষ্টকারীর অনিষ্ট হতে আশ্রয় চাই যা তোমার অধিকারে রয়েছে। তুমিই প্রথম- তোমার আগে কেউ ছিল না। তুমিই শেষ- তোমার পরে আর কেউ থাকবে না। তুমি প্রকাশ্য- তোমার চেয়ে প্রকাশ্য আর কিছু নেই। তুমি অন্তর্যামী- তোমার চেয়ে গোপনীয়তা আর কিছু নেই। তুমি আমাকে ঋণমুক্ত করে দাও এবং দারিদ্র্যতা হতে বাঁচিয়ে রেখ [স্বচ্ছলতা দাও])। (আবু দাউদ, তিরমিয়ী, ইবনু মাজাহ; কিছু ভিন্নতাসহ মুসলিমেও)[1]



ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৫০৫১, তিরমিয়া ৩৪০০, ইবনু মাজাহ ৩৮৭৩, আহমাদ ৮৯৬০, সহীহ আদাবুল মুফরাদ ১২১২/৯২৩, সহীহ আল জামি' ৪৪২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সহীহ মুসলিম ও ইবনুস্ সুন্নী সুহায়ল হতে বর্ণিত। তিনি বলেন, আবূ সলিহ আমাদের নির্দেশ দিতেন, যখন আমাদের কেউ ঘুমাতে ইচ্ছা করবে, সে তার ডান কাতের উপর শয়ন করবে, অতঃপর বলবেঃ (...رُبُّ السَّمَاوَاتِ) আর তিনি (সুহায়ল) এটা আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে, আর হুরায়রাহ্ নাবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তিরমিয়ী এবং মুসলিমে সুহায়ল (রহঃ) থেকে, তিনি তার বাবা থেকে, তার বাবা আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে অনুরূপ বর্ণনা করেছেন।

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উল্লেখ করেছেন যে, নিশ্চয় আল্লাহ তা'আলা আসমান ও জমিনের প্রতিপালক। অর্থাৎ- উভয়ের মালিক এবং উভয়ের অধিবাসীদের পরিচালনাকারী এবং তারপরই তাঁর (আল্লাহর) কথা (لفالق الحب والنوى) উল্লেখ করলেন, স্রষ্টা ও রাজত্বের অর্থ প্রকাশ করার জন্য। কেননা আল্লাহ তা'আলা বলেনঃ তিনি মৃত থেকে জীবন বের করেন এবং জীবিত থেকে মৃত বের করেন। لفالق) _এর অর্থ হলোঃ তিনি প্রাণীগুলোকে শুক্রবিন্দু থেকে সৃষ্টি করেন, বীজ থেকে দানা বের করেন এবং জীবন থেকে মৃত বের করেন। অর্থাৎ- এ সকল প্রাণী সৃষ্টি করেন।

'আল্লামা নাবাবী (রহঃ) বলেন, উল্লেখ্য হাদীসে দীন দ্বারা উদ্দেশ্য হলোঃ আল্লাহ তা'আলার হকসমূহ ও বান্দার যাবতীয় অধিকার।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন